# Department of Bengali

# Resolution Book (2015-2018)

## Meeting of the Ph.D. Committee

বাংলা বিভাগ

পি এইচ. ডি. কমিটির সভা

তারিখ ৫/১/২০১৫

উপস্থিত সদস্য :

১| রঞ্জন চক্রবর্তী, মাননীয় উপাচার্য

২| সৌমিত্র বসু ৫/১/১৫

৩| শ্রুতিনাথ চক্রবর্তী ০৫-০১-২০১৫

৪| বাণীরঞ্জন দে ০৫-০১-২০১৫

৫| ছন্দা ঘোষাল ০৫.০১.২০১৫

৬।

আলোচ্য :

১) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ পাঠ ও অনুমোদন।

২) ড. সরোজ কুমার পান ও অভিষেক রায়ের চিঠির বিষয়ে আলোচনা।

৩) প্রফেসর লায়েক আলি খান ও অসিত রঞ্জন সাঁতরার চিঠির বিষয়ে আলোচনা।

৪) কলেজের অধ্যাপকদের গবেষণা–তত্ত্বাবধায়ক হওয়ার আবেদনপত্র বিবেচনা।

৫) প্রি-সাবমিশন সেমিনার।

৬) বিবিধ

সিদ্ধান্ত :

১| ৩০.০৬.২০১৪ ও ০১.০৭.২০১৪ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পঠিত ও অনুমোদিত হলো। ১/ছ – তে উল্লিখিত গবেষক এ.টি.এম. সাহাদাতুল্লার গবেষণার বিষয়টি 'উত্তর-চব্বিশ পরগণা জেলার বারাসত মহকুমা অঞ্চলের কৃষি কেন্দ্রিক ভাষা-সংস্কৃতি'র পরিবর্তে মাননীয় উপাচার্যের নির্দেশে 'দক্ষিণবঙ্গের কৃষিকেন্দ্রিক ভাষা-সংস্কৃতি' করা হলো। বিষয়টি সংশ্লিষ্ট গবেষক ও তত্ত্বাবধায়ককে জানানো হবে।

২| ড. সরোজ কুমার পান ও তাঁর গবেষক ছাত্র অভিষেক রায়ের চিঠি সভায় পঠিত ও আলোচিত হল। সভার সকলের উপস্থিতিতে গবেষক অভিষেক রায় তাঁর ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং ড. সরোজ পানের কাছে গবেষণা



12/9/18

12/10/18

করার ব্যাপারে তাঁর আর আপত্তি না থাকার কথা জানান। ড. সরোজ কুমার পানও মাননীয় উপাচার্যের অনুরোধে গবেষক অভিষেক রায়ের তত্ত্বাবধায়ক থাকতে রাজি হন। এ বিষয়ে গবেষক অভিষেক রায় পি এইচ. ডি. কমিটির আহ্বায়ককে একটি ক্ষমা প্রার্থনা মূলক চিঠি (undertaking) দেবে এবং সেই চিঠির অনুলিপি ড. সরোজ কুমার পানকে দেবে।

৩| অসিত রঞ্জন সাঁতরা অনুপস্থিত থাকায় তাঁর ও প্রফেসর লায়েক আলি খানের দেওয়া চিঠির বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হলো না। পরবর্তী কোনো সভায় বিষয়টি আলোচিত হবে। মাননীয় উপাচার্যের নির্দেশে পুনরায় অসিত রঞ্জন সাঁতরাকে চিঠি দিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হবে এবং সেই সঙ্গে প্রফেসর লায়েক আলি খানের অন্যতম গবেষক ছাত্র প্রফেসর অমিতাভ মিস্ত্রিকে উপস্থিত থাকতে অনুরোধ করা হবে।

৪| কলেজের অধ্যাপকদের গবেষক-তত্ত্বাবধায়ক হবার আবেদনপত্রগুলি পরবর্তী কোন সভায় বিবেচিত হবে। সেই সভায় সংশ্লিষ্ট অধ্যাপক-অধ্যাপিকাদের প্রয়োজনীয় নথিপত্র সহ উপস্থিত থাকার অনুরোধ জানানো হবে।

৫| প্রি-সাবমিশন সেমিনার —

ক) গবেষক অরূপ পলমল - গবেষণার বিষয় 'বাংলা উপন্যাসে দক্ষিণ – ''পশ্চিমবঙ্গের আঞ্চলিক জনজীবন ও সংস্কৃতি: নির্বাচিত লেখক অবলম্বনে (১৯৮০–২০১০)।

গবেষক অরূপ পলমলকে ২টো সংশোধন সাপেক্ষে পরবর্তী সভায় উপস্থিত হতে অনুরোধ করা হলো।

খ) গবেষক জয়ন্ত কুমার মণ্ডল— 'কথা সাহিত্যের অনন্য শিল্পী দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়' (গবেষণার বিষয়)। গবেষক জয়ন্ত মণ্ডলের বক্তব্যে ও বিভিন্ন প্রশ্নের উত্তরদানে এই সভায় তাঁর গবেষণা নিবন্ধ জমা দেবার ব্যাপারে সুপারিশ করছে।

গ) গবেষিকা সুদীপ্তা বটব্যাল— বিষয় 'রবীন্দ্রনাথের নাটক : মূল ও ইংরেজি অনুবাদের একটি তুলনামূলক বিচার'। সুদীপ্তা বটব্যালের বক্তব্যে ও বিভিন্ন প্রশ্নের উত্তরদানে এই সভা তাঁর গবেষণা নিবন্ধ জমা দেবার ব্যাপারে সুপারিশ করছে।

**বিবিধ:**

ক) গবেষক মিনতি আচার্য (তত্ত্বাবধায়ক ড. বাণী রঞ্জন দে), গবেষক নির্মল বেরা (তত্ত্বাবধায়ক ড. বাণী রঞ্জন দে), গবেষক জয়ন্ত মণ্ডল (তত্ত্বাবধায়ক ড. ছন্দা ঘোষাল), গবেষক সুদীপ্তা বটব্যাল এর (তত্ত্বাবধায়ক প্রফেসর শ্রুতিনাথ চক্রবর্তী) গবেষণা পত্রগুলির পরীক্ষক তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো এবং মাননীয় উপাচার্যের চূড়ান্ত সিদ্ধান্তের জন্য মাননীয় নিবন্ধকের মাধ্যমে তাঁর কাছে পাঠানোর জন্য পি এইচ. ডি. কমিটির আহ্বায়ককে অনুরোধ করা হল।

খ) গবেষণা তত্ত্বাবধায় হবার জন্য ড. মাধবী মাইতির আবেদন পত্র মাননীয় নিবন্ধকের দপ্তরে ফেরত পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হলো। যেহেতু তিনি ইতিহাস বিভাগের জন্য আবেদন করেছেন।

অন্য কোন আলোচ্য না থাকায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ হল।

শ্রুতিনাথ চক্রবর্তী

০৫-০১-২০১৫



12/9/18

12.10.18